

ফোন :
অফিস : ৯৫৫৫১৩৩
ফ্যাক্স : ০০৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০।

Phone :
Office : 9555133
Fax : 0088-02-9564763

স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.১৬.০০১-১৯- ১১৩

তারিখঃ ১৫ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঃ
২৮ মে, ২০১৯ খ্রিঃ

দপ্তরাদেশ

বোর্ডের স্মারক নং-৩৯-পাউবো(সবি)/বোর্ড-২; তাং ১৮-০৩-২০১৯ খ্রিঃ এর মাধ্যমে জনপ্রশাসনে জবাবদিহি ও স্বচ্ছতা নিশ্চিতকরণ এবং সেবা প্রদানের মানসিকতা নাগরিকের নিকট দৃশ্যমান করার লক্ষ্যে সরকারের মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ছক মোতাবেক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সকল জেলা ও বিভাগীয় দপ্তরসমূহে সিটিজেন চার্টার প্রণয়নপূর্বক তা পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণের নিমিত্ত ২৪-০৩-২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে বোর্ড সচিবালয়ের দাপ্তরিক ও ই-মেইল ঠিকানায় সফট কপি ও হার্ড কপি আবশ্যিকভাবে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু এরপর প্রায় ২ মাস অতিবাহিত হলেও মার্চ পর্যায়ের অধিকাংশ দপ্তর হতে সিটিজেন চার্টার এর কপি না পাওয়ায় উহা সমন্বিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করা সম্ভব হচ্ছে না। উল্লেখ্য যে, বিষয়টি ২০১৮-২০১৯ সালের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) তে অন্তর্ভুক্ত রয়েছে।

০২। এমতাবস্থায়, কোনরূপ ব্যত্যয় ছাড়াই আগামী ৩০-০৫-২০১৯ তারিখের মধ্যে নির্ধারিত ছকে সিটিজেন চার্টার এর কপি বোর্ড সচিবালয়ে প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ জানানো হলো। নির্ধারিত সময়ে উহা প্রেরণে ব্যর্থ হলে তার দায়ভার সংশ্লিষ্ট দপ্তরের উপর বর্তাবে।

০৩। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ দপ্তরাদেশ জারি করা হলো।

সংযুক্তিঃ - বর্ণনামতে।


(আব্দুল খালেক)

সচিব, বাপাউবো, ঢাকা।


secretary@bwdb.gov.bd.

স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.১৬.০০১-১৯- ১১৩

তারিখঃ ১৫ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঃ
২৮ মে, ২০১৯ খ্রিঃ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। প্রধান প্রকৌশলী (সকল).....বাপাউবো,.....
- ২। প্রধান প্রকৌশলী, মনিটরিং, বাপাউবো, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল).....বাপাউবো.....
- ৪। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৫। নির্বাহী প্রকৌশলী (সকল জেলা সদর).....পওর/পাউ বিভাগ.....বাপাউবো.....
- ৬। সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (সকল).....বাপাউবো, ঢাকা।


উপ-সচিব বোর্ড,

বাপাউবো, ঢাকা।